

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মদ-গাঁজা নিষিদ্ধ, র্যাগিং করলে চিরতরে বহিকার

অনলাইন ডেক্স



ক্যাম্পাসে শিক্ষার্থীদের গাঁজা ও মদসহ যেকোনো ধরনের  
মাদকদ্রব্য সেবন এবং ব্যবসার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়েছে  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) প্রশাসন।

শনিবার (২০ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের প্রস্তর অফিস থেকে  
পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের  
জন্য শৃঙ্খলা সংক্রান্ত ‘কোনো ছাত্র/ছাত্রী অধ্যাদেশ ২০১৮ এর  
৫(দ) ধারা অনুসারে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস/বিভাগ/ইনস্টিউট/  
আবাসিক হলে দেশি/বিদেশি মাদকদ্রব্য যেমন মদ, গাঁজা,  
ফেনসিডিল, হেরোইন, ইয়াবা বা অন্য যেকোনো ধরনের  
মাদকদ্রব্য পান/সেবন/ব্যবসা করতে পারবেন না।’

এতে আরও বলা হয়, মাদকদ্রব্যের সেবন বা ব্যবসা করা একটি

শাস্তিযোগ্য অপরাধ।

অপরাধের মাত্রা বিবেচনায় এর জন্য সর্বোচ্চ শাস্তি হতে পারে

বিশ্ববিদ্যালয় থেকে বহিকার, কিংবা আর্থিক জরিমানা অথবা উভয়

দণ্ড।

মাদক প্রতিরোধে ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীসহ


সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এদিকে পৃথক আরেকটি বিজ্ঞপ্তিতে শিক্ষার্থীদের র্যাগিং করলে

চিরতরে বহিকার করা হবে বলে সতর্ক করা হয়েছে। শনিবার (২০

সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের প্রষ্টের অফিস থেকে পাঠানো এক

বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।



Public Relations Office, JU

3h · ১

...

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য শৃঙ্খলা সংক্রান্ত অধ্যাদেশ ২০১৮ এর ৫(৬) ধারা অনুসারে- "বিশ্ববিদ্যালয়ের হল, বিভাগ কিংবা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যেকেনো জায়গায় Tease (টীজা)/র্যাগিং/নির্যাতনমূলক কর্মকাণ্ডে তাংশগ্রহণ করা যাবে না।"

র্যাগিং একটি শাস্তিযোগ্য অপরাধ। অপরাধের মাত্রা অনুযায়ী র্যাগিং এর সর্বোচ্চ শাস্তি সাময়িক হতে চিরতরে বহিকার।

সংশ্লিষ্ট সকলকে র্যাগিং প্রতিরোধে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য শৃঙ্খলা সংক্রান্ত অধ্যাদেশ ২০১৮ এর ৫(দ) ধারা অনুসারে- "কোনো ছাত্র/ছাত্রী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস/বিভাগ/ইনস্টিউট/আবাসিক হলে দেশী/বিদেশী মাদকদ্রব্য যেমন মদ, গাঁজা, ফেসিডিল, হেরোইন, ইয়াবা বা অন্য যে কোনো ধরনের মাদকদ্রব্য পান/সেবন/ব্যবসা করতে পারবে না।"

মাদকদ্রব্য পান/সেবন/ব্যবসা করা একটি শাস্তিযোগ্য অপরাধ। অপরাধের মাত্রা অনুযায়ী মাদকদ্রব্য পান/সেবন/ব্যবসা করার সর্বোচ্চ শাস্তি বহিকার এবং অথবা আর্থিক জরিমানা।

সংশ্লিষ্ট সকলকে মাদকদ্রব্যের পান/সেবন/ব্যবসা প্রতিরোধে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

জরুরি প্রয়োজনে: প্রক্টর অফিস  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-  
ছাত্রীদের জন্য শৃঙ্খলা সংক্রান্ত অধ্যাদেশ ২০১৮ এর ৫(৬) ধারা  
অনুসারে ‘বিশ্ববিদ্যালয়ের হল, বিভাগ কিংবা বিশ্ববিদ্যালয়ের  
অভ্যন্তরে যেকোনো জায়গায় Tease (টিজ)/র্যাগিং/নির্যাতনমূলক  
কর্মকাণ্ডে অংশগ্রহণ করা যাবে না।’  
  
বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, র্যাগিং একটি শাস্তিযোগ্য অপরাধ।  
অপরাধের মাত্রা অনুযায়ী র্যাগিংয়ের সর্বোচ্চ শাস্তি সাময়িক হতে  
চিরতরে বহিকার। সংশ্লিষ্ট সবাইকে র্যাগিং প্রতিরোধে সহযোগিতা  
করার জন্য অনুরোধ করা হচ্ছে।